

যুগ্মত্ব

রাজশাহী বোর্ড

২০২০ সালের পর সর্বনিম্ন পাশের হার

ৰাজশাহী বুরো

১ ২৭ নভেম্বর ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংক্রান্ত](#)

রাজশাহী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে এবার এইচএসসি পরীক্ষায় পাশের হার ৭৮ দশমিক ৪৬ শতাংশ। ২০২০ সালে শতভাগ শিক্ষার্থীর অটোপাসের পর এটি সর্বনিম্ন পাশের হার। গতবছর ৮১ দশমিক ৬০ এবং ২০২১ সালে ৯৭ দশমিক ২৯ শতাংশ পরীক্ষার্থী পাশ করেছিল।

রোববার দুপুর আড়াইটায় রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে ফল প্রকাশ করা হয়। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আরিফুল ইসলাম জানান, এবার মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ৪০ হাজার ১১৫ জন। এর মধ্যে ১ লাখ ৮ হাজার ৫৮০ জন পাস করেছে। পাশের হারে এবারও ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে আছে। ছেলেদের পাশের হার ৭৩ দশমিক ৫৫ শতাংশ। আর মেয়েদের পাশের হার ৮৩ দশমিক ৯৭ শতাংশ। ২০২০ সালের অটোপাস বাদ দিলে ২০১৭ সাল থেকেই পাশের হারে এগিয়ে রয়েছে এই বোর্ডের মেয়েরা।

এবার মোট ১১ হাজার ২৫৮ জন পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। এর মধ্যে ৫ হাজার ৪৪৫ জন ছাত্র এবং ৫ হাজার ৮১৩ জন ছাত্রী। তিনি বছরের মধ্যে জিপিএ-৫ পাওয়ার হার এবার সর্বনিম্ন। আগের তিনি বছরে যথাক্রমে ২১ হাজার ৮৫৫ জন, ৩২ হাজার ৮০০ জন এবং ২৬ হাজার ৫৬৮ জন পরীক্ষার্থী জিপিএ-৫ পায়। গেল তিনি বছরের মতো এবারও জিপিএ-৫ বেশি পেয়েছে মেয়েরা।

পরীক্ষা নিয়ন্ত্রক জানান, পরীক্ষা চলাকালে এবার ১১ জন পরীক্ষার্থীকে বাহিকার করা হয়েছিল। রাজশাহী বিভাগের আট জেলার ৭৪৯টি কলেজের পরীক্ষার্থীদের ২০০টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হয়েছে। এবার ৩৭টি কলেজের শতভাগ পরীক্ষার্থী পাস করেছে। আর চারটি কলেজের একজন পরীক্ষার্থীও পাস করেনি। কলেজগুলো হলো- পাবনার চাটমোহরের চাটমোহর আর সি এন অ্যান্ড বি এস এন পাইলট হাইস্কুল অ্যান্ড কলেজ, রাজশাহীর গোদাগাড়ীর আরশাদ আলী মেমোরিয়াল কলেজ, তানোরের মুন্ডুমালা গার্লস হাইস্কুল অ্যান্ড কলেজ ও সিরাজগঞ্জ সদরের জুয়েলস অক্সফোর্ড কলেজ। চাটমোহরের কলেজটিতে পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১০ জন। গোদাগাড়ীর আরশেদ আলী কলেজে পরীক্ষার্থী ছিল দুইজন। অন্য দুই কলেজের একজন করে পরীক্ষায় বসেছিল। তাদের সবাই ফেল করেছে। পরীক্ষা নিয়ন্ত্রক আরিফুল ইসলাম বলেন, এবার বোর্ডের ফলাফল মোটামুটি সন্তোষজনক। কোনো পরীক্ষার্থীর তার ফলাফল নিয়ে আপত্তি থাকলে নির্ধারিত

সময়ের মধ্যে সে খাতা পুনঃমূল্যায়নের আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে ফলাফল পরিবর্তনেরও সম্ভাবনা থাকে। তিনি বলেন, যে চার কলেজের কেউ পাস করেনি, তাদের ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2023

